

দুখের বেশে এসেছ ব'লে তোমারে নাহি ডরিব হে ।
 যেখানে ব্যথা তোমারে সেথা নিবিড় ক'রে ধরিব হে ॥
 আঁধারে মুখ ঢাকিলে স্বামী, তোমারে তবু চিনিব আমি—
 মরণরূপে আসিলে প্রভু, চরণ ধরি মরিব হে ।
 যেমন করে দাও-না দেখা তোমারে নাহি ডরিব হে ॥
 নয়নে আজি ঝরিছে জল, ঝরুক জল নয়নে হে ।
 বাজিছে বুকে বাজুক তব কঠিন বাহু-বাঁধনে হে ।
 তুমি যে আছ বক্ষে ধরে বেদনা তাহা জানাক মোরে—
 চাব না কিছু, কব না কথা, চাহিয়া রব বদনে হে ॥

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Iman Kalyan
 Visit www.geetabitan.com for notation and other detail